

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

(অর্থ শাখা)


অফিস আদেশ নং ০৫.০১.২৬৭২.১২৯.১২.০৮২.১৭-১৩০

তারিখ: ২৯/০৬/২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

কেন্দ্রের সকল গ্রেডের কর্মচারী-কে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিপিএটিসি'র অবস্থান ইউনিয়ন পর্যায়ে হওয়ায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ব্যবহৃত এলাকার হারে বাড়ীভাড়া ভাতা ও (প্রযোজ্য ক্ষেত্রে) যাতায়াত ভাতা গ্রহণের সুযোগ নেই।

০২। এমতাবস্থায়, সকল গ্রেডের কর্মচারী-কে (তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়ের জারিকৃত স্মারক No.MER (IT)-PATC-15/84 (Pt.III)-41, Dated: 30/01/1986 অনুযায়ী বদলীকৃত কর্মকর্তা ও কর্মচারি ব্যতীত) জুলাই-২০১৭ হতে “জাতীয় বেতন স্কেল, ২০১৫” গেজেটে প্রকাশিত “অন্যান্য হারে” বাড়ীভাড়া ভাতা গ্রহণ করতে হবে। একইসাথে ১১-২০ গ্রেডের কর্মচারীদের (প্রযোজ্য ক্ষেত্রে) যাতায়াত ভাতাও প্রদান করা সম্ভব হবে না। উল্লেখ্য যে, স্বআয়ন (Self drawing) কর্মচারিগণ (১-১০গ্রেড) বেতন বিলে “অন্যান্য হারে” প্রযোজ্য বাড়ীভাড়া ভাতা দাবী করবেন।


(মোঃ আঃ রাজ্জাক সরকার)
পরিচালক (প্রশাসন)
ফোন: ৭৭৪৫০২৩

বিতরণ:

- ১। কর্মচারি (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৪। পিএস টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। নোটিশ বোর্ড, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৬। অফিস কপি।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

স্মারক নম্বর-০৫.০১.২৬৭২.১২৯.১৬.০১৮.০৭- ২৬৫

তারিখঃ ২৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
২১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিপিএটিসিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের ঢাকা'র হারে বাড়িভাড়া ভাতা ও যাতায়াত ভাতা প্রদান।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৫.২০০.০৩২.০০.০০.০১৬.২০০৩-৫২, তারিখঃ ১০/০৪/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বাংলাদেশ সরকার ঘোষিত একটি বিধিবদ্ধ সংস্থা এবং দেশের সর্বোচ্চ প্রশিক্ষণ প্রতিষ্ঠান। ১৯৮৪ সালে বিপিএটিসি'র প্রতিষ্ঠালগ্ন হতে তৎকালীন সংস্থাপন মন্ত্রণালয়ের জারিকৃত স্মারক No.MER (IT)-PATC-15/84 (Pt.III)-41, Dated: 30/01/1986) এর অনুবৃত্তিক্রমে কেন্দ্রে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদেরকে ঢাকা'র অনুরূপ হারে বাড়িভাড়া ভাতা ও যাতায়াত ভাতা প্রদান করা হচ্ছে। এরূপ হারে বাড়িভাড়া ভাতা ও যাতায়াত ভাতা প্রদান করার দীর্ঘ ১০ বছর পর ১৯৯৪ সালে এ বিষয়ে অডিট আপত্তি উত্থাপিত হয়। বিষয়টি সুরাহার জন্য ঢাকায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রাপ্যতার অনুরূপ বিপিএটিসিতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের বাড়িভাড়া ভাতা ও যাতায়াত ভাতা প্রদানের নিমিত্ত স্পেশাল নোটিফিকেশন জারির জন্য ইতোপূর্বে বিপিএটিসি হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়। এ প্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সিদ্ধান্ত/মতামত প্রদানের জন্য সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের 'খ' নং মতামতে পরিচালক/এমডিএস পদমর্যাদার কর্মকর্তাগণের জন্য ঢাকা শহরের প্রযোজ্য হারে প্রদত্ত বাড়িভাড়া ভাতা ও যাতায়াত ভাতা প্রদানের সুপারিশ করা হয়েছে।

০২। এখানে উল্লেখ্য, পরিচালক/এমডিএস পদমর্যাদার কর্মকর্তা ছাড়াও কেন্দ্রে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ প্রেষণে নিয়োজিত আছেন। তদুপরি, আবাসিক সংকটের কারণে কেন্দ্রের নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীগণের অনেকেই কেন্দ্রের আবাসিক ভবনে বসবাস করেন না। তারা সাভার বাজার সংলগ্ন এলাকায় ভাড়া বাসায় থাকেন। এমতাবস্থায়, ঢাকা শহরের হারে বাড়িভাড়া ভাতা ও যাতায়াত ভাতা কেবলমাত্র পরিচালক/এমডিএস পদমর্যাদার জন্য সীমাবদ্ধ রাখলে তা কেন্দ্রে বাড়িভাড়া ভাতা প্রাপ্তির ক্ষেত্রে অসমতা সৃষ্টি করবে। উপরন্তু, যাতায়াত ভাতা কেবলমাত্র ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণই প্রাপ্য হয়। উল্লেখ্য, বিপিএটিসি'র নিকটবর্তী অন্যান্য অফিস/প্রতিষ্ঠান যেমন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অর্থ বিভাগ হতে জারিকৃত ০৬/১০/১৯৮৫ তারিখের P/PD(lmp)-1/MNS-17/85/46 নং স্পেশাল নোটিফিকেশন এর পরিপ্রেক্ষিতে এবং আগবিক শক্তি কমিশন হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং ৮০৮৮/২০০৬ এর আদেশের প্রেক্ষিতে কর্মকর্তা/কর্মচারীদের বাড়িভাড়া ভাতা ও যাতায়াত ভাতা ঢাকার হারে প্রাপ্ত হচ্ছেন (কপি সংযুক্ত)।

০৩। এ অবস্থায়, সূত্রোক্ত স্মারকে জারিকৃত পত্রটি পরিবর্তনপূর্বক বিপিএটিসি'র সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীকে ঢাকার হারে বাড়িভাড়া ভাতা ও প্রযোজ্য ক্ষেত্রে যাতায়াত ভাতা প্রদানের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।

(মোঃ আঃ রাজ্জাক সরকার)

পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৭৭৪৫০২৩

ফ্যাক্সঃ ৭৭৪৫০২৯

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[(দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব (প্রশিক্ষণ))]